

পানি অপচয় রোধের গুরুত্ব

মাঠ পর্যায়ে সাধারণত মাঠ নালাগুলোকে ঠিকমত সংস্কার না করেই সেচের পানি জমিতে সরববাহ করা হয়। এতে শতকরা ২৫-৫০ ভাগ সেচের পানির অপচয় হয়। তাই মাঠ নালা সংস্কার করে উন্নত সেচ বিতরণ ব্যবস্থা ব্যবহার এর মাধ্যমে সেচের পানির অপচয় রোধ করা একান্ত বাঞ্ছনীয়। সঠিকভাবে মাঠ নালা পরিচর্যার মাধ্যমে সেচের পানির অপচয় রোধ করা যায়।

হোজ পাইপের মাধ্যমে সেচ বিতরণ

গভীর ও অগভীর নলকুপের পাম্পের সঙ্গে পিভিসি এবং প্লাস্টিক পাইপ সংযোগ দিয়ে সেচ বিতরণ করলে নিচে বর্ণিত সুবিধা পাওয়া যায়ঃ

- ▶ মাঠ নালা না করার কারণে শতকরা ২-৪ ভাগ জমির অপচয় রোধ করা সম্ভব হয়;
- ▶ এটি সহজেই উঁচু-নিচু জমিতে পানি বিতরণের জন্য ব্যবহার করা যায়;
- ▶ কাঁচা নালা দিয়ে সেচ বিতরণ অপচয়ের প্রায় শতকরা ৯৪-৯৮ ভাগ সাশ্রয় করা যায় এবং অর্ধেক পরিমাণ সময় বাঁচানো যায়;
- ▶ প্রায় ৩০-৩৫ ভাগ সেচ এরিয়া হোজ পাইপের মাধ্যমে বাড়ানো যায়;
- ▶ একশত ফুট কাঁচা নালা ও হোজ পাইপের ব্যয় যথাক্রমে ৫০০০ টাকা এবং ২৪০০ টাকা। কাঁচা নালায় তুলনায় এ খরচ ২৬০০ টাকা কম।



হোজ পাইপের মাধ্যমে সেচ



হোজ পাইপের মাধ্যমে সেচ

উন্নত সেচ নালায় মাধ্যমে সেচ বিতরণ

- ▶ উন্নত সেচ বিতরণ ব্যবস্থা যেমন দরমুজ করা নালা ও পাকা নালায় মাধ্যমে সেচ দিলে সেচের পানির অপচয় অনেক কম হয়।
- ▶ প্রচলিত পদ্ধতিতে তৈরি মাটির সেচ নালায় তুলনায় দরমুজ করা নালায় মাধ্যমে সেচ দিলে প্রায় ২৫ ভাগ পানির অপচয় রোধ করা যায় এবং প্রায় শতকরা ১০ ভাগ অতিরিক্ত জমি সেচের আওতায় আনা সম্ভব। ফলে সার্বিকভাবে কাঁচা নালায় চেয়ে প্রায় ২৫% লাভ হয়।
- ▶ পাকা নালায় আস্তর নষ্ট হলে ১ঃ ৪ অনুপাতে সিমেন্ট ও বালুর ১৫ মিলিমিটার (১/২ ইঞ্চি) পুরু আস্তর দিয়ে মেরামত করলে প্রায় ৬০ ভাগ পানির অপচয় কমে।



সেচ নালায় মাধ্যমে সেচ

উপসংহার

কাঁচা নালায় মাটি পিটিয়ে শক্ত করলে এবং হোজ পাইপ ব্যবহার করলে সেচের পানির অপচয় রোধ হয়, সেচের খরচ এবং সময় সাশ্রয় হয় এবং বাড়তি এলাকায় সেচ দেওয়া যায়।